গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৪৬/২০১৯-২০২০
ঢাকা, ১ সেপ্টেম্বর রোববার ২০১৯, ১৭ ভাদ্র ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। নীতি-আদর্শ না থাকলে নেতা হওয়া যায় না : প্রধানমন্ত্রী
২। আসামের নাগরিকপঞ্জি নিয়ে বাংলাদেশের উদ্বেগের কিছু নেই : পররাষ্ট্রমন্ত্রী
৩। সকল সরকারি চুক্তিতে বিকল্প উপায়ে বিরোধ নিষ্পত্তির ধারা যুক্ত করা হবে : আইনমন্ত্রী
৪। রোহিঙ্গা শিবিরে অপকর্মে জড়িত ৪১ এনজিও প্রত্যাহার
৫। চিনিশিল্প বিক্রি হতে দেব না : শিল্পমন্ত্রী
৬। উৎপাদিত কৃষিপণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করতে সরকার কাজ করছে : কৃষিমন্ত্রী
৭। পবিত্র আশুরা ১০ সেপ্টেম্বর
৮। সকালে ৪০ মিনিট অফিসে থাকা বাধ্যতামূলক : মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র
৯। বঙ্গবন্ধুর আদর্শকে হত্যা করতে পারেনি খুনিচক্র : মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী
১০। গুম নিয়ে কথা বলার অধিকার নেই পেট্রোল বোমা নিক্ষেপ করে নিরীহ মানুষ হত্যাকারী বিএনপির : তথ্যমন্ত্রী
১১। স্বাধীনতার পরাজিত শক্তি জাতির পিতাকে হত্যা করেছিল : গণপূর্তমন্ত্রী
১২। বঙ্গবন্ধু তাঁর কর্মের মধ্যে দিয়ে সবার অন্তরে চিরদিন বেঁচে থাকবেন : যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী
১৩। শিক্ষা ব্যবস্থার আধুনিকায়ন করছে সরকার : বান্দরবান বিশ্ববিদ্যালয়ে পার্বত্যমন্ত্রী

চলমান পাতা-২

১। নীতি-আদর্শ না থাকলে নেতা হওয়া যায় না : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, নীতি ও আদর্শ না থাকলে নেতা হওয়া যায় না। হলেও সাময়িক নেতা হওয়া যায়, কিন্তু সেই নেতৃত্ব দেশকে কিছুই দিতে পারে না। নীতি-আদর্শ নিয়ে চললে দেশের মানুষের আস্থা ও বিশ্বাস অর্জন করা যায়, যা একজন রাজনীতিবিদের কাছে অমূল্য সম্পদ। তাই ত্যাগের মহিমায় বঙ্গবন্ধুর নীতি-আদর্শ নিয়ে এদেশের মানুষের জন্য কিছু করে যেতে পারলেই জাতির পিতার আত্মা শান্তি পাবে। তিনি চাওয়া-পাওয়ার উর্ধ্বে উঠে বঙ্গবন্ধুর আদর্শ নিয়ে দেশের মানুষের কল্যাণে আত্মনিয়োগের জন্য ছাত্রলীগের নেতাকর্মীদের প্রতি আহ্বান জানান। জাতীয় শোক দিবস উপলক্ষে আওয়ামী লীগ গৃহীত মাসব্যাপী কর্মসূচির সমাপনী দিনে গতকাল (৩১ আগস্ট শনিবার) গণভবনে বাংলাদেশ ছাত্রলীগ আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহবান জানান। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.১)।

২। আসামের নাগরিকপঞ্জি নিয়ে বাংলাদেশের উদ্বেগের কিছু নেই : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, ভারতের আসাম রাজ্যের এনআরসি থেকে বাদপড়া প্রায় ১৯ লাখ মানুষের তালিকা নিয়ে বাংলাদেশের উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। তিনি জোর দিয়ে বলেন, আমি সম্প্রতি ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে এ বিষয়ে কথা বলেছি। ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুস্পষ্টভাবে জানিয়েছেন, এটি পুরোপুরি ভারতের অভ্যন্তরীণ ব্যাপার এবং এজন্য বাংলাদেশের কোনো সমস্যা হবে না। গতকাল (৩১ আগস্ট শনিবার) ঢাকায় মুক্তিযুদ্ধ জাদুঘরে এক অনুষ্ঠানে যোগদানের পর সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৫)।

৩। সকল সরকারি চুক্তিতে বিকল্প উপায়ে বিরোধ নিষ্পত্তির ধারা যুক্ত করা হবে : আইনমন্ত্রী

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, বিতর্কের তাৎক্ষণিক সমাধান সকল ব্যবসা, বিনিয়োগ, বাণিজ্য এবং শিল্পে সাফল্যের মূল চাবিকাঠি। টেকসই আর্থিক খাতের জন্য আদালতে যাওয়ার আগে এডিআর (বিকল্প বিরোধ নিষ্পত্তি) পদ্ধতির প্রয়োগ এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তাই প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার সকল সরকারি চুক্তিতে এডিআর বা সালিশ ও মধ্যস্থতার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির জন্য উপযুক্ত ধারা যুক্ত করার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে। গতকাল (৩১ আগস্ট শনিবার) সোনারগাঁও হোটেলে বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক) আয়োজিত 'টেকসই আর্থিক খাতের জন্য আর্থিক বিবাদসমূহ সমাধানকল্পে কার্যকর বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া' শীর্ষক একটি সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৪। রোহিঙ্গা শিবিরে অপকর্মে জড়িত ৪১ এনজিও প্রত্যাহার

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেন বলেছেন, রোহিঙ্গারা বাংলাদেশে আশ্রয় নেয়ার পর কক্সবাজারে ১৩৯টি দেশি-বিদেশি এনজিও সংস্থা তাদের সহায়তায় কাজ শুরু করেছিল। বিদেশি এনজিও সংস্থাগুলো বাইরে থেকে টাকা এনে রোহিঙ্গাদের সাহায্য করে। এতে আমরা লাভবান হই। কিন্তু যখনই টাকাগুলো সঠিক পন্থায় খরচ না হয়, তখনই সমস্যার সৃষ্টি হয়। এভাবে নানা অপকর্মে জড়িয়েপড়া ৪১টি এনজিও সংস্থার তালিকা করে আমরা তাদের রোহিঙ্গা ক্যাম্প থেকে প্রত্যাহার করেছি। গতকাল (৩১ আগস্ট বৃহস্পতিবার) সিলেট সিটি করপোরেশনের মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমের উদ্বোধন শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

৫। চিনিশিল্প বিক্রি হতে দেব না : শিল্পমন্ত্রী

শিল্পমন্ত্রী নুরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেছেন, চিনিশিল্প বিক্রি হতে দেব না। এ শিল্পের প্রতি অনেকেরই লোলুপ দৃষ্টি আছে। কিন্তু সরকার এ শিল্পের সঙ্গে জড়িত লাখ লাখ পরিবারের কথা ভাবছে। চুয়াডাঙ্গার দর্শনা কেরু অ্যান্ড কোম্পানি পরিদর্শনে এসে গতকাল (৩১ আগস্ট শনিবার) তিনি এ কথা বলেন। এ সময় শিল্পমন্ত্রী আরো বলেন, চিনিশিল্পের প্রচুর সম্পদ আছে। এর উন্নয়নে কাজ করতে হবে। এজন্য সরকার নানা পরিকল্পনা নিয়েছে। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

৬। **উৎপাদিত কৃষিপণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত করতে সরকার কাজ করছে : কৃষিমন্ত্রী**

যে সরকার দেশকে খাদ্য উদ্বৃত্তের দেশে পরিণত করেছে সে সরকার নিশ্চয় কৃষকের সমস্যার সমাধান দিবে। কৃষকরা অবশ্যই তাদের উৎপাদিত পণ্যের ন্যায্য দাম পাবেন এবং সে লক্ষ্যেই এ সরকার কাজ করে যাচ্ছে। এজন্য কৃষিকে যান্ত্রিকিকরণ ও বাণিজ্যিকিকরণ করতে হবে। গতকাল (৩১ আগস্ট শনিবার) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী উপলক্ষে আ. কা. মু. গিয়াসউদ্দিন মিলকী অডিটরিয়ামে আয়োজিত এক আলোচনা অনুষ্ঠানে কৃষিমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক এসব কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.৮,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

৭। **পবিত্র আশুরা ১০ সেপ্টেম্বর**

গতকাল বাংলাদেশের আকাশে পবিত্র মহররম মাসের চাঁদ দেখা গেছে। আজ (১ সেপ্টেম্বর রোববার) হিজরি নববর্ষ ১৪৪১ সালের প্রথম দিন। এ হিসাবে আগামী ১০ মহররম অর্থাৎ ১০ সেপ্টেম্বর মঙ্গলবার পবিত্র আশুরা পালিত হবে। গতকাল (৩১ আগস্ট শনিবার) জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। সূত্র : **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **বণিক বার্তা** (পৃ.২,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

৮। **সকালে ৪০ মিনিট অফিসে থাকা বাধ্যতামূলক : মন্ত্রিপরিষদ বিভাগের পরিপত্র**

সরকারি কাজের গতি এবং সেবা নিতে আসা মানুষের সুবিধা বাড়াতে মাঠপর্যায়ের সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সকাল-৯টা থেকে ৪০ মিনিট পর্যন্ত নিজ নিজ অফিসকক্ষে অবস্থানের নির্দেশনা দিয়েছে সরকার। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে সম্প্রতি জারি করা পরিপত্রে এ নির্দেশনা দেয়া হয়েছে। পরিপত্রটি সকল মন্ত্রণালয়ের সচিব, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের পাঠানো হয়েছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.২,ক.১)।

৯। **বঙ্গবন্ধুর আদর্শকে হত্যা করতে পারেনি খুনিচক্র : মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী**

মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী এ্যাডভোকেট আ ক ম মোজাম্মেল হক বলেছেন, যারা স্বাধীন বাংলাদেশ মেনে নিতে পারেনি তারাই ষড়যন্ত্র করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যা করেছে। তবে বঙ্গবন্ধুকে শারীরিকভাবে হত্যা করা হলেও তার আদর্শ হত্যা করতে পারেনি খুনিচক্র। তাই জীবিত বঙ্গবন্ধুর চেয়ে মৃত বঙ্গবন্ধু অনেক বেশি শক্তিশালী। মন্ত্রী গতকাল (৩১ আগস্ট শনিবার) গাজীপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

১০। **গুম নিয়ে কথা বলার অধিকার নেই পেট্রোল বোমা নিক্ষেপ করে নিরীহ মানুষ হত্যাকারী বিএনপির : তথ্যমন্ত্রী**

পেট্রোল বোমা নিক্ষেপ করে নিরীহ মানুষ হত্যাকারী বিএনপির গুম নিয়ে কথা বলার অধিকার নেই বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। গতকাল (৩১ আগস্ট শনিবার) ঢাকায় জাতীয় প্রেসক্লাবে জাতীয় শোকদিবস উপলক্ষে এক আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। তিনি আরও বলেন, যারা পেট্রোলবোমা নিক্ষেপ করেছে তারা শুধু দায়ী নয়, তাদের যারা পরিচালনা করেছে, অর্থায়ন করেছে, বোমা হাতে তুলে দিয়েছে, তারাও দায়ী। একটি বিশেষ ট্রাইব্যুনাল করে এসব ঘটনার বিচার হওয়া দরকার। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

১১। **স্বাধীনতার পরাজিত শক্তি জাতির পিতাকে হত্যা করেছিল : গণপূর্তমন্ত্রী**

গৃহায়ন ও গণপূর্তমন্ত্রী শ ম রেজাউল করিম বলেছেন, ’৭৫ সালের ১৫ আগস্ট স্বাধীনতার পরাজিত শক্তি জাতির পিতাকে হত্যা করেছিল। বঙ্গবন্ধুর ৪৪তম শাহাদতবার্ষিকী উপলক্ষে গতকাল (৩১ আগস্ট শনিবার) পিরোজপুরের নাজিরপুর সদর ইউনিয়নে এক আলোচনাসভা ও দোয়া মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। গণপূর্তমন্ত্রী উপজেলার ৮টি মন্দির সংস্কারের জন্য অনুদানের চেক বিতরণ করেন। ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের অধীনে হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের উদ্যোগে এ চেক বিতরণ করা হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮)।

১২। **বঙ্গবন্ধু তাঁর কর্মের মধ্যে দিয়ে সবার অন্তরে চিরদিন বেঁচে থাকবেন : যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী**

যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রী মো. জাহিদ আহসান রাসেল বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর আদর্শ ও কর্মের মধ্যে দিয়ে আমাদের সবার অন্তরে চিরদিন বেঁচে থাকবেন। তাঁর জীবনের সাধনা ছিল বাংলাদেশের স্বাধীনতা। তাঁর নেতৃত্বেই আমরা স্বাধীনতা অর্জন করেছি। বঙ্গবন্ধু শুধু বাংলাদেশের নেতা নন, তিনি বিশ্ব নেতাদের একজন। প্রতিমন্ত্রী গতকাল (৩১ আগস্ট শনিবার) গাজীপুরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫)।

১৩। **শিক্ষা ব্যবস্থার আধুনিকায়ন করছে সরকার : বান্দরবান বিশ্ববিদ্যালয়ে পার্বত্যমন্ত্রী**

দেশের অর্থনৈতিক উন্নতির জন্য উচ্চশিক্ষা ব্যবস্থা ও শিক্ষাদান পদ্ধতিকে সরকার যুগোপযোগী ও আধুনিকায়ন করছে বলে মন্তব্য করেছেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী বীর বাহাদুর উশৈসিং। গতকাল (৩১ আগস্ট শনিবার) বান্দরবান বিশ্ববিদ্যালয়ের নিজস্ব জমিতে নির্মিতব্য একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে একথা বলেন তিনি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৩,ক.৫)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ট্রেনের ছাদে উঠে ভ্রমণ করা পুরোপুরি নিষিদ্ধ ঘোষিত হওয়ার কথা উল্লেখ করে এর সাথে যাত্রীদের সঠিক নিরাপত্তা নিশ্চিত করতে প্রতিটি স্টেশনের প্রবেশ ও বহির্গমন পথে বডি ও লাগেজ স্ক্যানার বসানোর ওপর গুরুত্বারোপ।

খ. **ভোরের কাগজ :** নিবন্ধন ছাড়াই সারাদেশে আনুমানিক ৭০ হাজার কিন্ডারগার্টেন চলছে বলে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে চলমান এধরনের নৈরাজ্য ও যথেচ্ছচারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **সমকাল :** পাটপ্রধান জেলাগুলোতে গত মৌসুমের একই সময়ের তুলনায় কৃষক মণপ্রতি পাটে দুইশ' থেকে তিনশ' টাকা কম বাজারমূল্য পাচ্ছেন উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার পরামর্শ।

ঘ. **সংবাদ :** 'আরাকান সোসাইটি ফর পিস অ্যান্ড রাইটস' নামক একটি সংগঠনের ২৫ আগস্ট অনুষ্ঠিত রোহিঙ্গা সমাবেশ আয়োজনে ভূমিকা রয়েছে বলে অভিযোগ উঠেছে উল্লেখ করে বাংলাদেশের জাতীয় নিরাপত্তা হুমকির মুখে পড়ে এমন কোনো কর্মকাণ্ডকে শক্ত হাতে শুরুতেই দমনের দাবি।

ঙ. **যুগান্তর, ইনকিলাব :** বস্তিগুলো মাদক, চোরাচালান, ছিনতাই ও অপহরণের মতো অপরাধের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে উল্লেখ করে এসব অপরাধের মূলোৎপাটনে বস্তিগুলোতে কঠোর নজরদারির পাশাপাশি বস্তিবাসীদের পুনর্বাসনের উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** দুর্ঘটনা রোধে রাজধানীর সড়কগুলোতে শৃঙ্খলা প্রতিষ্ঠার ওপর গুরুত্বারোপ।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত 'সারা বছরই লাভজনক সবজি চাষ পদ্ধতি' শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, সারা বছর নিজস্ব ব্যবস্থাপনায় স্বল্পপরিসরে শাকসবজি উৎপাদন করলে নিজের চাহিদা মিটিয়ে বাণিজ্যিকভাবেও লাভবান হওয়ার সুযোগ রয়েছে।

#

রিদওয়ান/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা